গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর- ২৩.০৯.২৬৮০.১৭২.১৬.০০২.২৫. ২০২২

তারিখ: ১৮ শ্রাবণ ১৪৩৩ / ০২ আগস্ট ২০২৬

বিষয়: আগস্ট-অক্টোবর ২০২৬ খ্রি: এর আবহাওয়ার পূর্বাভাস।

১. আগস্ট ২০২৫- জুলাই ২০২৬ মাসে Southern Oscillation Index (SOI) এর মান ছিল যথাক্রমে +২.১, +০.২, +১০.৯, +১২.৫, +০.১, +৯.৯, + ১১.০,+৮.৯, -১১.২, -১৪.৫, -২৪.৯ ও -২৯.১ (Bureau of Meteorology, Australia)।

২. জুলাই ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা বেশি (৩৫.৬%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়। ময়মনসিংহ বিভাগে স্বাভাবিক এবং অন্যান্য বিভাগসমূহে স্বাভাবিক অপেক্ষা বেশি বৃষ্টিপাত রেকর্ড করা হয়। জুলাই ২০২৬ মাসে বঙ্গোপসাগরে তিনটি লঘুচাপ তৈরি হয়, যার মধ্যে দুইটি মৌসুমী নিম্নচাপে পরিণত হয়। প্রথম লঘুচাপটি ০২ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ এলাকায় তৈরি হয়। ৪ জুলাই ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয় এবং ৫ জুলাই ২০২৬ এটি আরও ঘণীভূত হয়ে মৌসুমী নিম্নচাপে পরিণত হয় । এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ৬ জুলাই ২০২৬ সকাল ৬ টায় বলেশ্বরের নিকট দিয়ে উত্তর উড়িষ্যা উপকূল অতিক্রম করে। পরবর্তীতে আরও পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে গুরুত্বহীন হয়ে পড়ে। দ্বিতীয় লঘুচাপটি ১৫ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উত্তর উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় তৈরি হয়। ১৬ জুলাই ২০২৬ এটি ঘণীভূত হয়ে একই এলাকায় সুস্পষ্ট লঘুচাপে পরিণত হয়। ১৭ জুলাই ২০২৬ এটি দুর্বল এবং গুরুত্বহীন হয়ে পড়ে। তৃতীয় লঘুচাপটি ২৫ জুলাই ২০২৬ উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন গাঙ্গেয় পশ্চিমবঙ্গ-উত্তর উড়িষ্যা এলাকায় তৈরি হয়। ২৬ জুলাই ২০২৬ এটি সুস্পষ্ট লঘুচাপ আকারে উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উড়িষ্যা-পশ্চিমবঙ্গ উপকূলীয় এলাকায় অবস্থান করে এবং এটি আরও ঘণীভূত হয়ে দুপুর ১২ টায় মৌসুমী নিম্নচাপে পরিণত হয়। ২৭ জুলাই ২০২৬ এটি আরও ঘণীভূত হয়ে গভীর নিম্নচাপে পরিণত হয় এবং উত্তরপশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমবঙ্গ-উড়িষ্যা উপকূলীয় এলাকায় অবস্থান করে। ২৮ জুলাই ২০২৬ সকাল ৬টায় এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে সরে গিয়ে পশ্চিমবঙ্গ-উড়িষ্যা উপকূল অতিক্রম করে। পরবর্তীতে এটি আরও পশ্চিম দিকে অগ্রসর ও ক্রমান্বয়ে দুর্বল এবং গুরুত্বহীন হয়ে পড়ে। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ, সুস্পষ্ট লঘুচাপ ও নিম্নচাপের প্রভাবে বিক্ষিপ্তভাবে ভারী থেকে অতি ভারী বর্ষণসহ সারা দেশে মাসের অধিকাংশ সময় বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ৩২৯ মি.মি. আমবাগান, চট্টগ্রাম রেকর্ড (৮ জুলাই ২০২৬) করা হয়। বিক্ষিপ্তভাবে ৩-৪ জুলাই ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। জুলাই মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৬°সে. রংপুর (৪ জুলাই ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ২২.০°সে. সিলেট (২১ ও ২২ জুলাই ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক ছিল। তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা জুলাই ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

৩. প্রাপ্ত আবহাওয়া উপাত্ত, উর্দ্ধাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, Climate Predictability Tool (CPT), ECMWF, JMA, APCC-Korea, RIMES, C3S এবং বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs) থেকে প্রাপ্ত NWP মডেল পূর্বাভাস, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণপূর্বক আগস্ট-অক্টোবর ২০২৬ খ্রি: এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	আগস্ট ২০২৬ খ্রিঃ		সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ		অক্টোবর ২০২৬		আগস্ট ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	পূর্বাভাস বৃষ্টিপাত (মি:মি:)	
ঢাকা	৩০১	২৮০-৩২০	২৬৩	২৫০-২৮০	১৬০	১৪০-১৮০	৪০-৫০
ময়মনসিংহ	৩৫৭	৩৪০-৩৬০	৩২১	৩১০-৩৩০	১৮০	১৬০-২১০	৪৫-৫৫
চট্টগ্রাম	৫০৫	৪৮০-৫১০	৩৪৫	৩৩০-৩৬০	২১৬	২০০-২৪০	৪০-৫০
সিলেট	৪৭০	৪৬০-৪৮০	৩৭১	৩৬০-৩৮০	১৮২	১৬০-২২০	৪০-৫০
রাজশাহী	২৫১	২৪০-২৬০	২৬৭	২৬০-২৮০	১৩৪	১২০-১৪০	৩০-৪০
রংপুর	৩৫৫	৩৪০-৩৬০	৩৮৩	৩৭০-৩৯০	১৫৫	১৩০-১৮০	৪০-৫০
খুলনা	২৮৭	২৭০-২৯০	২৭৭	২৭০-২৯০	১৫০	১২০-১৭০	৩৫-৪৫
বরিশাল	৩৭৯	৩৭০-৩৯০	৩২৮	৩২০-৩৪০	২২৭	২১০-২৪০	৪৫-৫৫

১.**বৃষ্টিপাত:** দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।

২. **নিম্নচাপ:** বঙ্গোপসাগরে ৪-৬টি লঘুচাপ সৃষ্টি হতে পারে যার মধ্যে ২-৩টি নিম্নচাপে পরিণত হতে পারে।

৩. **বজ্রঝড়:** এ সময়ে দেশে ১০-১৫ দিন বজ্রঝড় হতে পারে।

৪. **তাপমাত্রা:** দিন ও রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।

৫. **তাপপ্রবাহ:** এ সময়ে বিচ্ছিন্নভাবে দেশে ৪-৬ টি মৃদু (৩৬-৩৭.৯°সে.) থেকে মাঝারি (৩৮-৩৯.৯° সে.) ধরণের তাপ প্রবাহ বয়ে যেতে পারে।

০২/০৬/২৩

(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab secy@cabinet.gov.bd
৩. মুখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd